



ঠাকুরগাঁও-১ উপনির্বাচনে সেনা মোতায়েনের দাবি জামায়াতের



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনে ভোটগ্রহণ, গণনা ও ফল ঘোষণা নিরপেক্ষভাবে সম্পন্ন করতে সেনাবাহিনী মোতায়েনের দাবি জানিয়েছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।

শনিবার (২৪ অক্টোবর) বিকেলে ঠাকুরগাঁও শহরের একটি রেস্তোরাঁতে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এ দাবি জানান।

নির্বাচন কমিশন জানিয়েছে, এ উপনির্বাচনে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যসংখ্যা তিন গুণ বাড়ানো হবে। তাই সেনা মোতায়েনের প্রয়োজন নেই বলে মনে করছে কমিশন। তবে এ সিদ্ধান্তের সঙ্গে দ্বিমত পোষণ করে পরওয়ার বলেন, শুধু আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য বাড়ালে নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত হয় না। তাঁর অভিযোগ, পুলিশ প্রশাসন অনেক সময় ক্ষমতাসীনদের অনুগত থাকে। ভোট কারচুপি বা অনিয়মে সহযোগিতা করা হলে সদস্যসংখ্যা বাড়িয়েও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করা সম্ভব নয়। তিনি বলেন, একটি আসনের নির্বাচন হলেও নিরপেক্ষতা নিশ্চিত করা জরুরি। ভোটে কারচুপি ও ইঞ্জিনিয়ারিং ঠেকাতে সেনাবাহিনী মোতায়েনের জন্য নির্বাচন কমিশনের কাছে দাবি জানানো হয়েছে।

সভায় ঠাকুরগাঁও-১ আসনে জামায়াতের প্রার্থী দেলাওয়ার হোসেন, ইসলামী ছাত্রশিবিরের সেক্রেটারি জেনারেল সিবগাতুল্লাহ সিবগা, ডাকসুর ভিপি আবু সাদিক কায়মসহ ১১ দলীয় প্রার্থীদের কেন্দ্রীয় ও স্থানীয় নেতারা উপস্থিত ছিলেন।